



# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

ঋণ ও অগ্রিম বিভাগ

E-mail : lad@kb.gov.bd

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু।

সূত্র নম্বর : ৫৩.১৭.০০০০.০৯০.১৬.০৩০.১৭. ১০৮৮(১০০)

তারিখ : ০৬ ফেব্রুয়ারি ২০২০

সকল আঞ্চলিক ব্যবস্থাপক ও  
সকল শাখা ব্যবস্থাপক  
কর্মসংস্থান ব্যাংক।

## বিষয় : এসএমই ঋণ সম্পর্কিত বিবরণী।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার ব্যাংক পরিদর্শন বিভাগ-৩, এসএমই উপবিভাগ কর্তৃক ৩১.১২.২০১৯ তারিখভিত্তিক কর্মসংস্থান ব্যাংকের মোট ঋণ ও অগ্রিম এবং এসএমই খাতে বিতরণকৃত ঋণের বিবরণ প্রেরণের অনুরোধ জানানো হয়েছে।

০২। এমতাবস্থায়, নিম্নবর্ণিত ছক মোতাবেক শাখাসমূহকে ১০.০২.২০২০ তারিখের মধ্যে আঞ্চলিক কার্যালয়ে এবং আঞ্চলিক কার্যালয়সমূহকে ১১.০২.২০২০ তারিখ শাখাভিত্তিক (এক্সেল এ এবং নিকস ফটে) বিবরণী এ বিভাগে ই-মেইলযোগে (lad@kb.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

## কর্মসংস্থান ব্যাংক

আঞ্চলিক কার্যালয়, .....

## বিষয় : মোট ঋণ ও অগ্রিম এবং এসএমই খাতে ৩১.১২.২০১৯ তারিখ পর্যন্ত বিতরণকৃত ঋণের বিবরণ।

ক্রমিক নম্বর	এসএমই ঋণ কার্যক্রম সংশ্লিষ্ট শাখার নাম	৩১.১২.১৯ তারিখে শাখা ঋণ ও অগ্রিম/ বিনিয়োগের স্থিতি	৩১.১২.১৯ তারিখে শাখার এসএমই ঋণ ও অগ্রিম/বিনিয়োগের স্থিতি	৩১.১২.১৯ তারিখে শাখা শ্রেণীকৃত ঋণ/ বিনিয়োগের পরিমাণ	মোট ঋণ/ বিনিয়োগের সাথে শ্রেণীকৃত ঋণ/বিনিয়োগের হার	শাখা প্রতিষ্ঠার তারিখ	শাখার মোট ঋণের স্থিতি (৩১.১২.১৯ তারিখে)	মন্তব্য
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯

০৩। প্রসঙ্গত, এসএমই ঋণের সংজ্ঞাসহ এ বিষয়ে বিস্তারিত জানার জন্য বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা-এর এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগের ২৯ জুন ২০১৭ তারিখের এসএমইএসপিডি সাকুলার নম্বর-০২ বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে দেখার জন্য পরামর্শ প্রদান করা হলো।

০৪। উল্লেখ্য, কর্মসংস্থান ব্যাংকের ক্ষেত্রে নিম্নবর্ণিত খাতসমূহে বিতরণকৃত ঋণ এসএমই ঋণ হিসেবে বিবেচিত হবে :

“ক) নিজস্ব ঋণ কর্মসূচী :

কাঠের/স্টালের আসবাবপত্র, মুদি/স্টেশনারী/ডিপার্টমেন্টাল স্টোর, ঔষধের দোকান, বিভিন্ন প্রকার ক্ষুদ্র ব্যবসা, ফটোকপি সেবা, কম্পিউটার সেবা, গ্রামীণ স্যানিটোরী, যানবাহন (ইঞ্জিন চালিত), গ্রামীণ যানবাহন (ভ্যান/রিক্সা/নৌকা), রেডিও-টিভি ও ইলেকট্রনিক্স সরঞ্জাম মেরামত, হালকা ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ, গাড়ী মেরামত ওয়ার্কসপ, সেলুন/লব্ধি, অন্যান্য ;

খ) কৃষিভিত্তিক শিল্প স্থাপনে ঋণ সহায়তা কর্মসূচী’র সকল খাত।”

অনুমোদনক্রমে-

আপনাদের বিশ্বস্ত

(মোঃ মশিউর রহমান)

সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)

☎ : ০২-৪১০৫০৫০৩

## সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (ওয়েবসাইট হতে সংগ্রহের অনুরোধসহ) :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিচালন ও হিসাব) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
- ০৪। উপমহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, আইটি বিভাগ মহোদয়কে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে সন্নিবেশিত করার জন্য অনুরোধ করা হলো ;
- ০৫। উপমহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়ের দায়িত্বে), সকল বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
- ০৬। অফিস নথি।